বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

ফোন ঃ ৯৫৫১১৬৮
PABX ঃ ৯৫৬০০২১/২৩৪
ই-মেইল ঃ info@krishibank.org.bd
ওয়েব সাইট ঃ www.krishibank.org.bd

নং- বিকেবি/প্রকা/আইসিটি সিস্টেমস্-৭(৬৭)ডিবিবিএল/অংশ-১/২০১৬-২০১৭/ ০৪ (১২০০)  তারিখ ঃ ০৬-০৩-২০১৭খ্রীঃ

০১। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
০২। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় সহ সকল কর্পোরেট শাখাসমূহ।
০৩। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

জরুরী

বিষয় ঃ **Dutch Bangla Bank Limited(DBBL) ও bKash Limited এর সাথে পরিচালিত Mobile Financial Service/ Mobile Banking কার্যক্রম সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি ব্যাংকে Mobile Financial Service/Mobile Banking কার্যক্রম পরিচালনার লক্ষ্যে Dutch Bangla Bank Limited এবং bKash Limited এর সাথে কমিশন অংশীদারিত্বের ভিত্তিতে গত ০৬-১১-২০১৩ইং তারিখে উক্ত প্রতিষ্ঠান দুটির সাথে Partnership Agreement স্বাক্ষরিত হয়। সেপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা সমূহে DBBL Mobile Banking ও bKash Mobile Banking পরিচালিত হয়ে আসছে।

০২। উল্লেখ্য, ব্যাংকের পরিচালনা পর্ষদের ৬৭৬ তম সভায় ব্যাংকে DBBL Mobile Banking ও bKash Mobile Banking কার্যক্রম সাময়িকভাবে স্থগিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে উল্লেখিত কোম্পানীদ্বয়ের সাথে ব্যাংকের সম্পাদিত Contract Agreement এর আলোকে আগামী ০৯-০৭-২০১৭ তারিখ হতে বাংলাদেশ কৃষি ব্যাংকে পরিচালিত DBBL Mobile Banking ও bKash Mobile Banking এর সকল কার্যক্রম স্থগিত করা হবে।

০৩। উক্ত কার্যক্রম স্থগিত করনের উদ্দেশ্যে নিম্নলিখিত কার্যাবলী সম্পাদনের জন্য অনুরোধ করা হলোঃ

(ক) আগামী ৩১-০৩-২০১৭ তারিখের পর হতে শাখা সমূহকে কোন ধরনের Mobile Banking (DBBL Mobile Banking ও bKash Mobile Banking ) লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো;

(খ) আগামী ০৬-০৪-২০১৭ তারিখের মধ্যে Mobile Banking সংক্রান্ত কোন অসমন্বিত হিসাব থাকলে তা সমন্বয় করে হিসাব সমন্বয় বিভাগকে অবহিত করতে হবে;

(গ) শাখায় Mobile Banking পরিচালনা সংক্রান্ত দৃশ্যমান সকল এডভার্টাইজমেন্ট, লিফলেট, স্টিকার প্রত্যাহার করতে হবে এবং Mobile Banking কার্যক্রম স্থগিত করনের বিষয়টি গ্রাহকদের অবহিত করতে হবে;

(ঘ) DBBL Mobile Banking পরিচালনার জন্য শাখায় সরবরাহকৃত Data Modem(GP/Robi/Banglalink) এবং bKash Mobile Banking কার্যক্রম সংশ্লিষ্ট সকল শাখায় সরবরাহকৃত মোবাইল সেট সমূহ (SIM সহ) শাখা হতে সংগ্রহ পূর্বক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক নিম্নলিখিত ছক অনুযায়ী পূরণপূর্বক আগামী ৩০-০৪-২০১৭ তারিখের মধ্যে অত্র বিভাগে ফেরত প্রদান করতে হবেঃ

| ক্রঃ | অঞ্চল | শাখার নাম | Mobile Banking AC No | DBBL Modem/ bKash Mobile No | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

০৪। এমতাবস্থায়, ব্যাংকে Mobile Banking কার্যক্রম স্থগিত করনের লক্ষ্যে শাখাসমূহকে উপরোক্ত নির্দেশনা পরিপালনের জন্য আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

০৫। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

Rashid 6.3.2017

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১/২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(আইসিটি মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা , বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। নথি।